# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৫৭ কবর যিয়ারত - ২০৭. কবর যিয়ারতের হুকুম এবং এর উপকারিতা কী?

কবর যিয়ারত অত্যন্ত ফযীলতপূর্ণ একটি ইবাদত। কবর যিয়ারতের মধ্যে মাইয়্যেতের যেমন উপকার রয়েছে, তার চেয়ে বেশি উপকৃত হয় যিয়ারতকারী নিজে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

১. তোমরা কবর যিয়ারত কর। কারণ তা তোমাদেরকে আখেরাত স্মরণ করিয়ে দেয়। (মুসলিম: ৯৭৭, আবু দাউদ: ৩২৩৫)

২. তোমাদের কবর যিয়ারত যেন তোমাদের কল্যাণ বাড়িয়ে দেয়। (আহমাদ- ৫/৩৫০-৩৫৫)

৩. (আগে) আমি তোমাদেরকে কবর যিয়ারত করতে নিষেধ করেছিলাম। এখন (বলছি) তোমরা কবর যিয়ারত করতে পার। কারণ, কবর যিয়ারত হৃদয় নরম করে, এতে চোখে পানি আসে এবং পরকালের কথা স্মরণ করিয়ে দেয়। তবে (সে সময়) কোন বাজে কথা যেন কেউ না বলে। (হাকেম- ১/৩৭৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13396

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন